দৈনিক
ইনকিলাব

JUN. 05 2006

পৃঃ ৩ কলাম ৫

# ঢাবিতে আর্থিক সংবিধি প্রণয়ন হচ্ছে : সিনেটে অনুমোদনের অপেক্ষায়

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ আর্থিক প্রশাসনে
স্বচ্ছতা বিধানের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে
আর্থিক সংবিধি প্রণয়ন করা হয়েছে। ঢাকা
বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে প্রথম প্রণীত এই
আর্থিক সংবিধি ২৭ ও ২৮ জুন সিনেট
অধিবেশনে চূড়ান্ত অনুমোদনের অপেক্ষায়
রয়েছে। একই অধিবেশনে বিশ্ববিদ্যালয়ের
২০০৬-০৭ অর্থবছরের জন্য ১২৫ কোটি
টাকার বাজেট পেশ করা হবে। পাবলিব
প্রসিকিউটর রুলস-২০০৩ অনুযায়ী এই
সংবিধি পরিচালিত হবে। গত ৩০ মে
বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভায় এ সংবিধি
পাস করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ে
ইতোপূর্বে ১৩টি সংবিধি থাকলেও কোন
আর্থিক সংবিধি ছিল না। সিনেট অধিবেশনে
পাস হলে এটি হবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের
প্রথম আর্থিক সংবিধি এবং বিশ্ববিদ্যালয়ের
১৪তম সংবিধি। ফাইন্যান্স কমিটিও
ইতোমধ্যে এ সংবিধি অনুমোদন করেছে
বর্তমান কোষাধ্যক্ষ প্রফেসর সৈয়দ আবুল
কালাম আজাদ বিশ্ববিদ্যালয়ে যোগদানের
পর পরই আর্থিক সংবিধি প্রণয়নের জন
ভিসি প্রফেসর এস এম এ ফায়েজের কাছে
চিঠি দেন। ভিসি আর্থিক সংবিধি প্রণয়নে
কোষাধ্যক্ষকে প্রধান করে ৯ সদস্যের একটি
কমিটি গঠন করেন। এ কমিটিকে ৩ মাসে